**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 14-03-2026** **Desk in Charge : SDG**

**Time : 1-30 PM** **Compiling : Sankar M.**

**DEO: KB** **NRT : Anindya C.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অসম সফরের দ্বিতীয় দিনে আজ একাধিক উন্নয়নী প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। # কলকাতায় আজ তিনি পশ্চিমবঙ্গের একাধিক উন্নয়নি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এরপর তিনি বিজেপির পরিবর্তন যাত্রার সমাপ্তিতে ব্রিগেডের জনসমাবেশে ভাষণ দেবেন।

২/ পশ্চিম এশিয়া সংকট ও বিশ্বব্যাপী জ্বালানীর সমস্যার মধ্যেই কেন্দ্রও আবারও আশ্বাস দিয়ে বলেছে, দেশে LPG সরবরাহের কোনও অসুবিধে হবে না।

৩/ হরমুজ প্রণালী দিয়ে বাংলাদেশের তেলবাহী জাহাজ আসা-যাওয়ার অনুমতি দেওয়া হবে বলে ইরান আশ্বাস দিয়েছে। # অন্য ও জ্বালানি সরবরাহ নিয়ে ভারত ও ইরানের মধ্যে আলোচনা চলছে।

৪/ মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, পশ্চিম এশিয়ায় একাদিপত্য স্থাপন করে, ইজরায়েলকে ধ্বংস করার ইরানী পরিকল্পনা সম্পূর্ণ ব্যর্থ করে দেওয়া হয়েছে।

# বাগদাদে মার্কিন দূতাবাস চত্বরে গতরাতে ক্ষেপনাস্ত্র হামলা চালানো হয়।

৫/ মহিলাদের বিশ্বকাপ হকির যোগ্যতা অর্জন পর্বের ফাইনালে ভারত আজ সন্ধ্যায় ইংল্যান্ডের মুখোমুখি হবে।

*******************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অসম সফরের দ্বিতীয় দিনে আজ ২৩ হাজার ৫৫০ কোটি টাকার একাধিক প্রকল্পের শিলান্যাস করেছেন। তিনি বলেন, অসমের সিলচর থেকে যোগযোগ মাধ্যমের সম্প্রসারণ এবং কৃষি শিক্ষার প্রসারে বেশ কিছু প্রকল্প উদ্বোধন করা হবে। তিনি বলেন, 'ডাবল ইঞ্জিন' সরকার অসমের পর্যটন খাতে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি করেছে।

( বাইট- প্রধানমন্ত্রী/ কর্মসংস্থান )

প্রধানমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার কৃষকদের কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ। 'কিষাণ সম্মান নিধি' প্রকল্প বর্তমানে অসম সহ সারা দেশের ক্ষুদ্র কৃষকদের জন্য সামাজিক সুরক্ষা ও মর্যাদার এক মাধ্যম হয়ে উঠেছে। তিনি বলেন, অসমের চা-বাগানে কর্মরত শ্রমিকদের জমি প্রদানের লক্ষ্যে সরকার এক বিশাল পদক্ষেপ গ্রহণ করেছে। এর ফলে, শ্রমিকদের পাকা বাড়ির স্বপ্ন পূরণ সম্ভব হবে।

( বাইট- প্রধানমন্ত্রী / কিষাণ )

প্রধানমন্ত্রী আরও বলেন, পশ্চিম এশিয়ার বর্তমান যুদ্ধ পরিস্থিতির ফলে সৃষ্ট সংকটের সময়ে কংগ্রেস গুজব ছড়াতে ব্যস্ত। তিনি ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুর ১৫ই আগস্টের ভাষণ শোনার জন্য আহ্বান জানান। উল্লেখ্য, পণ্ডিত নেহেরু সেই ভাষণে মূল্যবৃদ্ধির জন্য উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়ার মধ্যে সংঘাতকে দায়ী করেছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, দেশের জ্বালানি খাতের প্রতিশ্রুতি বাস্তবায়নে অসম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। অসমের পুনর্নবিকরনযোগ্য জ্বালানি প্রকল্পগুলি ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।

অসম থেকে শ্রী মোদী আর কিছুক্ষণের মধ্যে কলকাতায় আসছেন।

***********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকারি অনুষ্ঠানের পাশাপাশি দলীয় কর্মসূচিতে যোগ দিতে আর কিছুক্ষণের মধ্যেই ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে পৌঁছচ্ছেন। পশ্চিমবঙ্গ সফরকালে শ্রী মোদী

কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে এক প্রশাসনিক সভায় ১৮ হাজার ৬ শো ৮০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন শিলান্যাস করবেন। বিজেপির পরিবর্তন যাত্রা কর্মসূচির সমাপ্তি উপলক্ষে প্রধানমন্ত্রী এক জনসভাতেও বক্তব্য রাখবেন। প্রধানমন্ত্রীর জনসভায় যোগ দিতে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ ব্রিগেড ময়দানে এসেছেন। হাওড়া, শিয়ালদা স্টেশন সহ শহরের বিভিন্ন প্রান্ত থেকে কর্মীরা সভাস্থলে আসছেন। প্রধানমন্ত্রীর কলকাতা সফরকে কেন্দ্র করে শহর জুড়ে নিরাপত্তা ব্যাবস্থা জোরদার করা হয়েছে।

**********************

হাসপাতাল, শিক্ষাপ্রতিষ্ঠান ও গার্হস্থ্য ক্ষেত্র সহ অন্যান্য অত্যাবশ্যক পরিষেবায় অবাধে জ্বালানি সরবরাহ অব্যাহত থকাবে বলে কেন্দ্রীয় সরকার আশ্বাস দিয়েছে। দেশের বিভিন্ন শোধনাগারে LPG উৎপাদন ৩০ শতাংশের বেশি বাড়ানো হয়েছে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা নতুন দিল্লিতে পশ্চিম এশিয়ার সাম্প্রতিক ঘটনাবলীর সম্পর্কে আন্তঃ মন্ত্রক বৈঠকে একথা জানিয়েছেন। বাণিজ্যিক LPG সিলিন্ডার অগ্রাধিকারের ভিত্তিতে বন্টনের জন্য রাজ্যগুলিকে দেওয়া হচ্ছে।

( বাইট- সুজাতা শর্মা )

**********************

মধ্যপ্রাচ্যে ক্রমবর্ধমান উত্তেজনার ও বিশ্বব্যাপী জ্বালানি সরবরাহে সংকটের মধ্যে ইরান বাংলাদেশকে আশ্বাস দিয়ে বলেছে হরমুজ প্রণালী দিয়ে সেদেশের তেল ট্যাঙ্কারকে যাতায়াতের অনুমতি দেওয়া হবে। বাংলাদেশে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত জেলিং রাহামি জাহানাবাদি গতকাল বলেছে, বাংলাদেশী জাহাজকে ওই পথ দিয়ে যাতায়াতের সবরকম সুবিধে দেওয়া হবে। বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান এবং জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহামুদ, ইরানকে এই মর্মে অনুরোধ জানিয়েছিলেন বলে ইরানের রাষ্ট্রদূত জানিয়েছেন।

**********************

পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতির মধ্যে জ্বালানি ও পণ্যের অবাধ পরিবহনের বিষয়ে ভারত ইরানের সঙ্গে বিস্তারিত আলোচনা করেছে। পশ্চিম এশিয়ার সাম্প্রতিক ঘটনাবলী নিয়ে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বৃহস্পতিবার ইরানের রাষ্ট্রপতি ডঃ মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে আলোচনায় ভারতীয় নাগরিকদের নিরাপত্তা ও কল্যাণের বিষয়ে নতুন দিল্লির অগ্রাধিকারের উপর জোর দিয়েছেন। ভারত পুনরায় জানিয়েছে যে সমস্ত সমস্যা আলোচনা এবং কূটনীতির মাধ্যমে সমাধান করা উচিত।

শ্রী জয়সওয়াল বলেন, বিদেশ মন্ত্রকের কন্ট্রোল রুম দ্রুতগতিতে কাজ করছে এবং এখন পর্যন্ত ৯০০টি ফোন কল ও ২০০টি ইমেল পাওয়া গেছে। গত কয়েক দিনে ১৭০ জন ভারতীয় নাগরিক ইরান থেকে স্থল সীমান্ত অতিক্রম করেছেন।

বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রকের বিশেষ সচিব রাজেশ কুমার সিনহা বলেন, হরমুজ প্রণালীর পশ্চিমে ২৪টি ভারতীয় পতাকাবাহী জাহাজ রয়েছে। আর পূর্বে তিনটি ভারতীয় পতাকাবাহী জাহাজ রয়েছে।

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা বলেন, ভারত পেট্রোল ও ডিজেল উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ। সমস্ত শোধনাগার ১০০ শতাংশ ক্ষমতায় কাজ করছে এবং শোধনাগারগুলিতে পর্যাপ্ত পরিমাণে অপরিশোধিত তেলের ভান্ডার মজুদ রয়েছে। তিনি জানান, যানবাহনের জন্য পিএনজি এবং সিএনজি ১০০ শতাংশ সরবরাহ রয়েছে কোনও কাটছাঁট ছাড়াই। পিএনজির ১.৫ কোটি গ্রাহক রয়েছে এবং সকলের জন্য সরবরাহ নিশ্চিত করা হচ্ছে। জ্বালানি সরবরাহের সময় সমস্ত খুচরো বিক্রেতাদের কঠোরভাবে নির্দেশিকা অনুসরণ করার নির্দেশ দেওয়া হয়েছে। এর অন্যথা হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

শ্রীমতি শর্মা জনগণকে গুজবে বিশ্বাস না করার এবং আতঙ্কিত হয়ে কেনাকাটা না করার আহ্বান জানান। তিনি বলেন, কালোবাজারি এবং মজুদদারির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। তিনি আশ্বস্ত করেন যে রান্নার গ্যাসের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা হয়েছে এবং হাসপাতাল ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিতেও এলপিজি সরবরাহ করা হচ্ছে। তিনি আরও বলেন যে এলপিজির অভ্যন্তরীণ উৎপাদন ৩০ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক এবং উপভোক্তা বিষয়ক মন্ত্রকের সচিবরা গতকাল সমস্ত রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগের সচিবদের সঙ্গে বৈঠক করেছেন। দেশে জ্বালানি সরবরাহের ক্ষেত্রে সকল রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলকে সমন্বয় এবং সহযোগিতার আশ্বাস দেওয়া হয়েছে। রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে কালোবাজারি এবং মজুদদারির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ারও পরামর্শ দেওয়া হয়েছে।

**********************

কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন সরকার সঙ্খ্যালঘুয় সম্প্রদায়ের উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। মন্ত্রী আরও বলেন, সংখ্যালঘুদের সুবিধার্থে সমস্ত সরকারি প্রকল্প এবং উদ্যোগ স্বচ্ছতার সঙ্গে বাস্তবায়িত করা হচ্ছে।
মন্ত্রী বলেন, সম্প্রীতি, ন্যায়বিচার এবং 'সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস'-এর চেতনা সমুন্নত রাখতে সরকার সব অংশীদারদের সঙ্গে সম্পৃক্ততা বজায় রেখে চলবে।

**********************

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং আজ ভারতের মহাকাশ গবেষণা কেন্দ্র ISRO-কে তামিলনাড়ুর মহেন্দ্রগিরিতে সমুদ্র পৃষ্ঠে ২২ টনের CE20 Cryogenic Engine-এর সফল পরীক্ষার জন্য অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় মন্ত্রী বলেন, সফল এই পরীক্ষার পর ভারতের উন্নত ক্রায়োজেনিক প্রপালশন সক্ষমতা উল্লখজগ্যভাবে শক্তিশালী হবে। এর ফলে LVM3 কর্মসূচি আরও নির্ভরযোগ্য হয়ে উঠবে।

**********************

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরান সমগ্র পশ্চিম এশিয়া অঞ্চলে আধিপত্য স্থাপন করে ইজরায়েলকে ধ্বংস করার উচ্চকাঙ্খা পোষণ করেছিল। কিন্তু তাদের সমস্ত পরিকল্পনা ব্যর্থ করে দেওয়া হয়েছে। সমাজ মাধ্যমের এক বার্তায় তিনি বলেছেন, ইরানের মতো সেই পরিকল্পনাগুলিও এখন মৃত। মার্কিন সেন্ট্রাল কমান্ড ইরানের খার্গ

দ্বীপের সমস্ত সামরিক ঘাঁটিতে ধ্বংসাত্মক অভিযান চালিয়ে তাদের চুর্ণ করে দিয়েছে। পশ্চিম এশিয়ার ইতিহাসে এতো শক্তিশালী ও লাগাতার বোমা বর্ষণ আগে কখনো হয়নি বলে মার্কিন রাষ্ট্রপতি দাবি করেছেন। তবে, ওই দ্বীপের তেল উত্তোলন পরিকাঠামো সচেতনভাবে এড়িয়ে যাওয়া হয়েছে বলেও মার্কিন রাষ্ট্রপতি উল্লেখ করেন।

************************

ইরাকের রাজধানী বাগদাদে মার্কিন দূতাবাসে গত রাতে একটি হেলিপ্যাডকে লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র হামলা চালানো হয়। কঠোর সুরক্ষায় মোড়া ওই চত্ত্বরে বিভিন্ন দূতাবাস ও সরকারী ভবন রয়েছে। বাগদাদে, ইরানের সমর্থন পুষ্ট দুই যোদ্ধা নিহত হওয়ার কিছু পরেই মার্কিন দূতাবাসের ওপর এই হামলা চালানো হয়।

************************

মহিলাদের হকি বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের ফাইনালে ভারত আজ ইংল্যান্ডের মুখোমুখি হবে। তেলেঙ্গানার জি এম সি বালাযোগী স্টেডিয়ামে সন্ধ্যা সাড়ে ৭ টায় খেলা শুরু হবে। উভয় দলই অপরাজিত থেকে ফাইনালে পৌঁছেছে। গতকাল সেমিফাইনলে ভারত, ইতালিকে ১-০ গোলে পরাজিত করে। ভারতের হয়ে একমাত্র গোলটি করেন মনীষা চৌহান।

*********************************************************************